



General Certificate of Education  
Advanced Level Examination  
June 2014

**Bengali**

**BENG2**

**Unit 2 Reading and Writing**

**Insert**

**Text to be used when answering Section 1**

**Section 3 Writing Questions 3, 4, 5 and 6**

A

## Text for use with Section 1

## ব্রিটেনের পত্রপত্রিকা

টাইমস পত্রিকার নাম শুনেছো নিশ্চয়! দেখেছোও হয়তো। ব্রিটেনে যতো পত্রপত্রিকা প্রকাশিত হয়, সেগুলির মধ্যে এটি হলো সবচেয়ে পুরোনো। এর বয়স সওয়া দুশো বছরেরও বেশি। প্রথম প্রকাশিত হয়েছিলো ১৭৮৫ সালে। তারপর থেকে কতো পত্রিকা জন্ম নিয়েছে, কতো পত্রিকা বন্ধ হয়ে গেছে, তার হিসেব নেই।

সভ্যতার একটা অবিচ্ছেদ্য অঙ্গ হলো পত্রপত্রিকা। এই ব্রিটেনে শতশত পত্রপত্রিকা প্রকাশিত হয়। কোনোটা প্রতিদিন, কোনোটা প্রতি সপ্তাহে, কোনোটা প্রতি পক্ষে, এমন কি কোনোটা প্রতি মাসে, কোনোটা বা তিন মাসে একবার। প্রতিদিন যে পত্রিকা প্রকাশিত হয়, তাকে বলে দৈনিক। প্রতি সপ্তাহে যেগুলি প্রকাশিত হয়, তাদের বলে সাপ্তাহিক। প্রকাশের সময় অনুসারে অন্যগুলিকে বলে পাঙ্কিক, মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক। পত্রিকাগুলিকে আর-এক রকম ভাগ করা যায় – জাতীয় আর স্থানীয়। জাতীয় পত্রিকা মানে যে-পত্রিকা সারা দেশের জন্যে; আর স্থানীয় পত্রিকায় থাকে কোনো একটা ছোটো এলাকার খবরাখবর আর বিজ্ঞাপন।

বিষয়বস্তু অনুসারেও পত্রপত্রিকা ভাগ করা যায়। যেমন, খবরের কাগজ, খেলাধুলার পত্রিকা, বিজ্ঞানের পত্রিকা, সিনেমার পত্রিকা, রেডিও-টিভির পত্রিকা, গাড়ির পত্রিকা, কম্পিউটারের পত্রিকা ইত্যাদি। সত্যি বলতে কি, এমন কোনো বিষয় নেই, যে বিষয়ে কোনো পত্রিকা নেই। পত্রিকার সাইজ অনুসারেও তাদের অন্তত দুটি ভাগে বিভক্ত করা যায় – ব্রড শীট আর ট্যাবলয়েড। তা ছাড়া আছে জনপ্রিয় অন-লাইন পত্রিকা।

পত্রপত্রিকা সম্পর্কে এটাই শেষ কথা নয়। আরও একটা কথা বিশেষ করে বলা দরকার – এ দেশে নানা ভাষার পত্রিকা প্রকাশিত হয়। তার কারণ, ব্রিটেন একটা বহু-সাংস্কৃতিক বা মাল্টি-কালচারাল দেশ। এ দেশে প্রতি দশজন লোকের মধ্যে একজন অন্য কোনো দেশ থেকে আসা। ব্রিটেনে বসবাসকারী বাঙালিদের সংখ্যা প্রায় চার লাখ। এঁদেরও নিজস্ব পত্রিকা আছে। একটা দুটো নয়, সাত-আটটা পত্রিকা প্রকাশিত হয় বাংলা ভাষায়। সবগুলো পত্রিকাই প্রকাশিত হয় লন্ডন থেকে। এ পত্রিকাগুলির কোনোটাই দৈনিক নয়, সবগুলিই সাপ্তাহিক। এগুলোর মধ্যে কোনো কোনোটা অনেক বছর ধরে প্রকাশিত হচ্ছে। যেমন, *জনমত*। এ পত্রিকার বয়স চল্লিশ বছরেরও বেশি। ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ারও আগে এ পত্রিকা প্রকাশিত হয়েছিলো। কী থাকে এসব পত্রিকায়? সবচেয়ে বেশি থাকে বাংলাদেশের খবর – বাংলাদেশের রাজনীতি এবং সারা দেশের খবর। তার মধ্যে আবার সবচেয়ে বেশি খবর থাকে সিলেট অঞ্চলের। এসব পত্রিকার অনেক পৃষ্ঠা জুড়ে থাকে নানা বিষয়ের বিজ্ঞাপন। রেস্টুরেন্ট, ট্র্যাভেল এজেন্ট, কোথা থেকে দেশে টাকা পাঠানো যায়, আর চাকরি-বাকরির বিজ্ঞাপনই বেশি থাকে। কোথায় কবে রাজনৈতিক সভা হবে, কোথায় ধর্মীয় সভা হবে – তার বিজ্ঞাপনও থাকে এসব পত্রিকায়। মোট কথা, এ পত্রিকাগুলো বাঙালিদের অনেক কাজে লাগে।

## Section 3

নিচের যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৩০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট ৬০ মার্ক।

Literary Topics  
(সাহিত্য-বিষয়ক প্রশ্ন)

## Topic 1

বাংলা উপন্যাস ও গল্প  
Bengali Fiction

## EITHER

- 3 (a) তোমার পড়া একটি উপন্যাস সম্পর্কে একটি ছোটো প্রবন্ধ লেখো। এতে সংক্ষেপে এই উপন্যাসের কাহিনীর পরিচয় দাও। এ উপন্যাসের কোন চরিত্রটি তোমার সবচেয়ে ভালো লেগেছে? যুক্তি দিয়ে বুঝিয়ে বলো।

[30 marks]

## OR

- 3 (b) তোমার পড়া একটি ছোটোগল্পের পরিচয় দাও। প্রসঙ্গত ছোটোগল্পের সঙ্গে উপন্যাসের কী পার্থক্য তুমি লক্ষ করেছো, তার আলোচনা করো। ছোটোগল্প তোমার কেন ভালো লাগে, তার কারণ ব্যাখ্যা করো।

[30 marks]

## Topic 2

বাংলা কবিতা ও নাটক  
Bengali Poetry and Drama

## EITHER

- 4 (a) তোমার ভালো লাগে এমন একটি দেশপ্রেমের কবিতা নিয়ে আলোচনা করো। এই কবিতাটি তোমার কেন ভালো লাগে যুক্তি দিয়ে বুঝিয়ে বলো। একটা কবিতায় কী থাকলে তাকে ভালো বলা যায়?

[30 marks]

## OR

- 4 (b) তুমি দেখেছো অথবা তুমি পড়েছো, এমন একটি নাটকের কাহিনীর পরিচয় দিয়ে এ নাটক সম্পর্কে আলোচনা করো। এই নাটকের বিষয়বস্তুর সঙ্গে বাস্তব জীবনের কতোটা মিল আছে? তোমাকে অভিনয় করতে বললে, তুমি কোন চরিত্রটির অভিনয় করবে? কেন?

[30 marks]

Turn over ►

**Non-literary Topics**  
(সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

**Topic 1**

বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি  
**The Emergence of Bangladesh and Bengalis in Britain**

**EITHER**

- 5 (a) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে মুক্তি বাহিনী বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলো। এই মুক্তি বাহিনী কিভাবে গঠন করা হয়েছিলো এবং তাতে কারা অংশ নিয়েছিলেন সংক্ষেপে তার বর্ণনা দাও। মুক্তি বাহিনী কিভাবে তাদের ভূমিকা পালন করে? এ বিষয়ে একটি তথ্যমূলক প্রবন্ধ লেখো।

[30 marks]

**OR**

- 5 (b) ব্রিটেনে বসবাসকারী বাঙালি নারীরা সম্প্রতি অনেকে চাকরি-বাকরি করতে এগিয়ে আসছেন, বিশেষ করে যাঁদের বয়স কম। এই পরিবর্তন সম্পর্কে তোমার মতামত কী? এর ফলে নারীদের জীবনে এবং সংসারে কোনো বিশেষ প্রভাব পড়বে কি? যুক্তি দিয়ে বুঝিয়ে বলো।

[30 marks]

**Topic 2**

বাংলা সিনেমা ও গান  
**Bengali Cinema and Music**

**EITHER**

- 6 (a) তোমার দেখা একটি বাংলা চলচ্চিত্রের কাহিনী বর্ণনা করো। প্রসঙ্গত এই চলচ্চিত্রের কোন চরিত্রটি তোমাকে বেশি আকৃষ্ট করেছে, সে সম্পর্কে তোমার মন্তব্য যুক্তিসহ প্রকাশ করো।

[30 marks]

**OR**

- 6 (b) বিভিন্ন ধরনের বাংলা গান নিয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। কোন ধরনের গান তোমার সবচেয়ে ভালো লাগে? তোমার প্রিয় শিল্পী কে? তাঁর কী গুণের জন্যে তুমি তাঁর গান পছন্দ করো?

[30 marks]

**END OF QUESTIONS**